দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 MAR 2016 ...
পৃষ্ঠা ...৮... কলাম ...৮...

চট্টগ্রাম কলেজে শিবিরের গুলি

# জড়িত শিবির ক্যাডারদের সর্বোচ্চ শাস্তির দাবি ছাত্রলীগের

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ রাতের আঁধারে চট্টগ্রাম কলেজের রসায়ন বিভাগের পরীক্ষাগারে হামলার ঘটনায় জড়িত শিবির ক্যাডারদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে কলেজ ছাত্রলীগ। শনিবার দুপুরে ওই ঘটনার প্রতিবাদে কলেজ ছাত্রলীগের বিক্ষোভ মিছিলউত্তর সমাবেশে বক্তারা এ দাবি জানান।

বক্তারা বলেন, ক্যাম্পাসে আতঙ্ক সৃষ্টি করতে গত ৭ মার্চ রাতের আঁধারে শিবিরের সন্ত্রাসীরা পরীক্ষাগারে হামলা চালিয়েছে। তাদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। শিবিরের সন্ত্রাসীদের গ্রেফতার করা না হলে একের পর এক এ ধরনের হামলা চালিয়ে শিক্ষার পরিবেশ নষ্ট করবে। তাদের গ্রেফতারে ব্যর্থ হলে আগামী দিনে কলেজ ক্যাম্পাসে সৃষ্ট যে কোন পরিস্থিতির দায়ভার প্রশাসনকে নিতে হবে।

তারা আরও বলেন, শীর্ষ যুদ্ধাপরাধীদের একের পর এক ফাঁসি হওয়ায় শিবির নেতাকর্মীরা দিশেহারা হয়ে পড়েছে। তারা সাধারণ ছাত্রদের সোনালি ভবিষ্যত নষ্ট করতে ক্যাম্পাসে ত্রাসের রাজত্ব কায়েম করতে উঠেপড়ে লেগেছে।

এর আগে দুপুর সাড়ে ১২টার দিকে কলেজ চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের করে ছাত্রলীগ নেতাকর্মীরা। মিছিলটি চকবাজার গুলজার মোড়, চকবাজার থানা হয়ে পুনরায় কলেজ চত্বরে এসে সংক্ষিপ্ত সমাবেশের মধ্যদিয়ে শেষ হয়।

সমাবেশে বক্তব্য দেন নগর ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম, সদস্য কামরুল হুদা পাভেল, মোস্তফা কামাল, কলেজ ছাত্রলীগ নেতা মাহমুদুল করিম, সোহেল রানা প্রমুখ।

উল্লেখ্য, গত মঙ্গলবার সকালে কলেজের রসায়ন বিভাগের পরীক্ষাগারে গিয়ে দেখা যায়, সেখানে বেশ কয়েকটি জানালার কাঁচ ফুটো হয়ে রয়েছে। পাশে বন্দুকের বেশ কয়েকটি কার্তুজ পড়ে থাকতে দেখা যায়। দেখেই বোঝা যাচ্ছে গুলি করে জানালার কাঁচগুলো ফুটো করা হয়েছে। সোমবার গভীর রাতে শিবির সন্ত্রাসীরা ক্যাম্পাসে আতঙ্ক তৈরির জন্য এ হামলার ঘটনা ঘটিয়েছে বলে দাবি করেছে ছাত্রলীগ। মঙ্গলবার দুপুরে ঘটনাস্থলে গিয়ে চকবাজার থানা পুলিশ ঘটনার সত্যতা পেয়েছে।